গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
এস্টাব্লিশমেন্ট অব ডিজিটাল ল্যান্ড ম্যানেজমেন্ট সিস্টেম (EDLMS) প্রকল্প
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, লেভেল-১২, ভূমি ভবন,
৯৮ শহীদ তাজ উদ্দিন আহমেদ সরণী, তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.edlms.gov.bd

"ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল"

স্মারক নং: ৩১.০৩.২৬৯২.০১৬.০২.০০৫.২৩-১৩৫

তারিখঃ ২০ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
০৩ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের আওতায় ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'Establishment of Digital Land Management System (EDLMS) through Digital Survey & Settlement Operations of Three City Corporations, 1(One) Pourasava and 2 (Two) Rural Upazilla of Bangladesh শীর্ষক প্রকল্প' (১ম সংশোধিত) এর নিম্ন বর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কেবল মাত্র প্রকল্প মেয়াদে (জুন, ২০২৫) জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে নিয়োক্ত বেতন গ্রেডে সাকুল্য বেতনে (consolidated pay) সরাসরি জনবল নিয়োগ ও প্যানেলভূক্তির লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://edlms.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন গ্রেড | সর্বোচ্চ বয়সসীমা | পদের সংখ্যা ও প্রকৃতি | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার<br>বেতন গ্রেড-৯ | ৩০ বছর | ০১ (এক)টি অস্থায়ী | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ। |
| ২ | হিসাব সহকারী<br>বেতন গ্রেড-১৬ | ৩০ বছর | ০১ (এক)টি অস্থায়ী | ক) বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার পরিচালনা ও হিসাবরক্ষণ কার্যক্রমে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৩ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>বেতন গ্রেড-১৬ | ৩০ বছর | ০২ (দুই)টি অস্থায়ী | ক) উচ্চ মাধ্যমিক বা সমমান ডিগ্রী<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ গতি সহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ। |
| ৪ | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর<br>বেতন গ্রেড-১৬ | ৩০ বছর | ২৭ (সাতাশ) টি অস্থায়ী | ক) উচ্চ মাধ্যমিক বা সমমান ডিগ্রী<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ গতি সহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ। |
| | **মোট=** | | **৩১ (একত্রিশ) টি** | |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নে বর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে।

০১। ক) প্রার্থীর বয়স ৩০/০৪/২০২৩ খ্রি. তারিখে অব্যশই ১৮-৩০ বছরের মধ্যে থাকতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা / শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধা /শহীদ বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের পুত্র/কন্যাদের ক্ষেত্রে বয়স ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২/০৯/২০২২ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারকে আবেদনকারীর বয়স ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে সর্বোচ্চ বয়স সীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন।

খ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য । বিভাগীয় প্রার্থী বলতে এ প্রকল্পে নিয়োজিত কর্মরত কর্মকর্তা/কর্মচারীকে বুঝাবে।

০২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।চাকরি প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন পূরনের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে, সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

০৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণযোগ্য হবে।

০৪। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপিসহ একসেট সত্যায়িত কপি জমা দিতে হবে। পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের মূল কপি এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের মূল কপিসহ সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার সনদ পত্রের মূল কপি জমা দিতে হবে। মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদপত্র/প্রমাণ পত্রের মূল কপি জমা দিতে হবে।

০৫। প্রকল্পের প্রয়োজনে জনবলের সংখ্যা ও মেয়াদকাল বৃদ্ধি পেতে পারে।
০৬। নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/সংযোজন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
০৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।
০৮। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
০৯। পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
১০। সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
১১। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য, নিয়োগকার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে আবেদনপত্র নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১২। এই নিয়োগ বিজ্ঞপ্তিটি এবং বর্ণিত নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য প্রকল্প কার্যালয়ের ওয়েবসাইট (www.edlms.gov.bd), এ পাওয়া যাবে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://edlms.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. **Online**-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৮/০৫/২০২৩ খ্রি., সকাল: ১০:০০টা;
ii. **Online**-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১/০৫/২০২৩ খ্রি., বিকাল: ৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে **User ID** প্রাপ্ত প্রার্থীগণ **Online**-এ আবেদনপত্র **Submit** এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি ১নং ক্রমিকে পদের জন্য আবেদন ফি বাবদ ৬০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬৭ (সাতষট্টি) টাকাসহ (অফেরযোগ্য) **সর্বমোট ৬৬৭/- (ছয়শত সাতষট্টি টাকা)** এবং ২নং থেকে ৪ নং ক্রমিকের পদের জন্য আবেদন ফি বাবদ ২০০ টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩ টাকাসহ (অফেরযোগ্য) **সর্বমোট ২২৩/- (দুইশত তেইশ টাকা)**;

খ. **Online** আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ **pixel**) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৮০ ×প্রস্থ ৩০০**pixel**) স্ক্যান করে নির্ধারিত স্থানে **Upload** করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ **KB** ও স্বাক্ষর সর্বোচ্চ ৬০ **KB** হতে হবে;

গ. **Online** আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু **Online**-এ আবেদনপত্র **Submit** করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন; এবং

ঘ. প্রার্থী **Online**-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে প্রমাণক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন;

ঙ. SMS **প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:**

**Online**-এ আবেদনপত্র **(Application Form)** যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর **Upload** করে আবেদনপত্র **Submit** করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ **Application Preview** দেখা যাবে। আবেদনপত্র **Submit** করা সম্পন্ন প্রার্থী একটি **User ID,** ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি **Applicant's copy** পাবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত **Applicant's copy** তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতা বিষয়টি নিশ্চিত করে **PDF copy** ডাউনলোড ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত **Applicant's copy** প্রার্থী রঙ্গিন প্রিন্ট অথবা **Download** করে সংরক্ষণ করবেন।

**প্রথম** SMS: **EDLMS**<space>**USER ID** and send to 16222 নম্বরে।
Example: **EDLMS M27313** and send to 16222
**Reply:** Applicant's Name, TK-667223 will be charged as application feee. Your PIN is 12345678.
To pay fee Type EDLMS<space>Yes<space>PIN and send to 16222

**দ্বিতীয়** SMS: **EDLMS**<space>**YES**<space>**PIN** and send to 16222
Example: EDLMS YES 12345678 and send to 16222
**Reply:** Congratulations! Applicant's Name, Payment completed successfully for EDLMS Application for (post name) User ID is (M27313) and password (xxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://edlms.teletalk.com.bd** এই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS এ প্রেরিত User Id এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk Pre-Paid Mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User Id, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID জানা থাকলে:** **EDLMS**<space>**Help**<space>**User**<space>**User ID** and send to 16222 নম্বরে।
Example: **EDLMS Help User M27313** and send to 16222

ii. **PIN No. জানা থাকলে:** **EDLMS**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** and send to 16222 নম্বরে।
Example: **EDLMS Help PIN 12345678** and send to 16222

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.minland.gov.bd), ভূমি মন্ত্রণালয়ের আওতায় ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ওয়েবসাইট (www.dlrs.gov.bd), প্রকল্পের ওয়েবসাইটে (www.edlms.gov.bd) বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। এছাড়া **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/edlms ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

ঞ. Online-এ আবেদন এবং টাকা জমার প্রক্রিয়াটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে কোন ফ্লেক্সিলোডের অথবা কম্পিউটার দোকানদার থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে teletalk নম্বর থেকে 121 নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd বা pdedlms@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: EDLMS Post Name:*****, Applicants User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ঠ. **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা/চাকুরী বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ছ. **Online**-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


মোঃ জহুরুল হক

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৪১০২৪৭১২

E-mail: pdedlms@gmail.com